

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৫১.১৭. ১৫৬

অভিযোগনামা

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

যেহেতু, জনাব মোঃ মাদ্দন উদ্দিন (২৫৮৭৯), প্রভাষক (পদার্থবিদ্যা), বান্দরবান সরকারি মহিলা কলেজ, বান্দরবান (বর্তমান কর্মস্থল: সোনাগাজী সরকারি কলেজ, ফেনী) এর বদলি আদেশ বাতিল ও বান্দরবান সরকারি মহিলা কলেজে পুনর্বহালের জন্য উক্ত কলেজের ছাত্রীদের ক্লাশ বর্জন করে মানববন্ধন কর্মসূচিতে অংশগ্রহণে উদ্বুদ্ধ করেন যা বিভিন্ন মিডিয়ায় ফলাও করে সংবাদ প্রকাশিত হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(বি) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(বি) মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনাকে কেন “চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)” করা হবে না অথবা বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এ বিধির ৭(১)বি ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

স্বাক্ষর

(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

বর্তমান কর্মস্থল:

জনাব মোঃ মাদ্দন উদ্দিন (২৫৮৭৯)
প্রভাষক (পদার্থবিদ্যা), সোনাগাজী সরকারি কলেজ, ফেনী।

স্থায়ী ঠিকানা:

গ্রাম- বসন্তপুর, পো:- মেঘতলী
উপজেলা-চৌদ্দগ্রাম, জেলা- কুমিল্লা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

যেহেতু, জনাব মোঃ মাদ্দীন উদ্দিন (২৫৮৭৯), প্রভাষক (পদার্থবিদ্যা), বান্দরবান সরকারি মহিলা কলেজ, বান্দরবান (বর্তমান কর্মস্থল: সোনাগাজী সরকারি কলেজ, ফেনী) এর বদলি আদেশ বাতিল ও বান্দরবান সরকারি মহিলা কলেজে পুনর্বহালের জন্য উক্ত কলেজের ছাত্রীদের ক্লাশ বর্জন করে মানববন্ধন কর্মসূচিতে অংশগ্রহণে উদ্বুদ্ধ করেন যা বিভিন্ন মিডিয়ায় ফলাও করে সংবাদ প্রকাশিত হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(বি) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব মোঃ মাদ্দীন উদ্দিন (২৫৮৭৯), প্রভাষক (পদার্থবিদ্যা), বান্দরবান সরকারি মহিলা কলেজ, বান্দরবান (বর্তমান কর্মস্থল: সোনাগাজী সরকারি কলেজ, ফেনী)-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(বি) মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো।

সোহরাব হোসাইন

(মোঃ সোহরাব হোসাইন)
সচিব